

Publication & Date: Dainik Statesman (08.05.2011)

Page Number: 3

Head Line: Parkinsonism — Operation to Cure Parkinsonism.

বয়সজনিত শৈথিল্য নিরাময়ে শল্য চিকিৎসা

নিজস্ব প্রতিনিধি— বয়সের সঙ্গে সঙ্গে মানুষের নানাবিধ শারীরিক উপসর্গ দেখা দেয়। মস্তিষ্কের কার্যক্ষমতা কমে বাওয়ার কারণেই হাত পায়ের কম্পন থেকে শুরু করে স্বাভাবিক চলাফেরায় এসে যায় শিথিলতা। অনেক ক্ষেত্রে শরীরের অন্তর্নিহিত ক্ষমতা এতটাই কমে যায় যার ফলে হাঁটা তো দূরের কথা, লেখা এমনকি কথা বলার সময়ও ধরা পড়ে জড়তা। এসব ক্ষেত্রে ওষুধ খেয়ে খুব একটা কাজ হয় না। তবে নিউরোসার্জারিতে পার্কিনসন্স থেকে শুরু করে এধরনের বয়সজনিত ব্যাধির ভাল সূফল পাওয়া গেছে। কয়েকদিন আগে বাইপাসে অবস্থিত মেডিকা সুপার স্পেশালিটি হাসপাতালে পার্কিনসন্সের শিকার জনস্তু দাস (৫২) -র ক্ষেত্রে শল্য চিকিৎসার প্রয়োগের বিষয়টি সরাসরি সংবাদমাধ্যমের কাছে প্রদর্শিত হল। অপারেশন থিয়েটার থেকে কোনও রোগীর চিকিৎসা পদ্ধতিকে সরাসরি গণমাধ্যমের কাছে তুলে ধরার নিদর্শন পূর্বভারতে সম্ভবত এই প্রথম।

ব্রেন বা মস্তিষ্কে ডোপামিন নামে একটি তরল উপাদান কমে গেলে দেখা দেয় পার্কিনসন্স নামক অসুখ। এই রোগের শিকার হলে রোগী স্বাভাবিক

চলাফেরার ক্ষমতা ফেলে হারিয়ে। লিখতে, কথা বলতে বা যে কোনও নড়াচড়ার সময় তার সারা শরীরে দেখা দেয় অক্ষমতা। চার বছর ধরে এই রোগের শিকার অনন্ত দাসকে লোকাল অ্যানাস্থেসিয়ার মাধ্যমে হালকা অচেতন করে নিয়ে মাথায় পরিয়ে দেওয়া হল স্ট্রিও ট্যাকটিক ফ্রেম। সিটি স্ক্যানের মাধ্যমে মাথার ছবি তুলে খুঁজে নেওয়া হয় নিউক্লিয়াসকে। নিউরো ও স্পাইন সার্জেন ডঃ টিপু আজিজ (ইংল্যান্ড) ও ডঃ দীপঙ্কর নন্দীর অধীনে হওয়া শল্য চিকিৎসার অঙ্গ হিসাবে এরপর মাথার উপরিভাগে সূক্ষ্ম একটি ছিদ্রের মধ্য দিয়ে রোগীর মস্তিষ্কে প্রবেশ করানো হল ওষুধ। এর আগে অবশ্য খুঁজে পাওয়া নিউক্লিয়াসটিকে পুড়িয়ে দেওয়া হয়েছে। গোটা অপারেশনটির স্থায়িত্ব আড়াই ঘন্টা ও এতে খরচ পড়ে মাত্র ৫০০০০ টাকা। পদ্ধতিটির নাম লিজিওনিং। মেডিকার পক্ষে দাবি করা হয়েছে যে, এর মাত্র ছয় মাসের মধ্যে রোগী ফিরতে পারবেন স্বাভাবিক জীবনে। এছাড়া, ডিপ ব্রেন স্টিমুলেশন পদ্ধতিতে মস্তিষ্কের ভিতরে তার বসিয়ে দেওয়া হয় ও মাঝে মাঝে বিদ্যুৎ প্রবাহ সঞ্চালনের মাধ্যমে নিউক্লিয়াসকে স্টিমুলেট করতে খরচ পড়ে প্রায় ৩.৫ লক্ষ টাকা।